

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৪০

১/ বিবিধ

আরবী

نهينا عن صيد كلب المجوسي وطائره ضعيف

أخرجه الترمذي (2 / 341) والبيهقي (9 / 245) من طريق شريك عن الحجاج عن القاسم بن أبي بزة عن سليمان اليشكري عن جابر. وضعفه الترمذي بقوله: " غريب لا نعرفه إلا من هذا الوجه "، والبيهقي بقوله: في هذا الإسناد من لا يحتج به قلت: وهما شريك وهو ابن عبد الله القاضي، وهو ضعيف من قبل حفظه. والحجاج وهو بن أرطاة، وهو مدلس وقد عنعنه. وليس في الباب ما يشهد للحديث، ويمكن فهمه على وجهين: الأول: أن يكون كلب المجوسي صاد بإرسال صاحبه فعلى هذا لا يجوز أكل صيده فيكون معنى الحديث صحيحا الثاني: أن يكون الذي أرسله مسلما، وعلى هذا يحل صيده ولا يصح معنى الحديث وقد أوضح المسألة الإمام مالك أحسن التوضيح فقال في " الموطأ " (2 / 41) الأمر المجتمع عليه عندنا أن المسلم إذا أرسل كلب المجوسي الضاري فصاد أو قتل أنه إذا كان متعلما فأكل ذلك الصيد حلال لا بأس به، وإن لم يذكره المسلم، وإنما مثل ذلك مثل المسلم يذبح بشفرة المجوسي، أو يرمي بقوسه، أو بنبله، فيقتل بها، فصيده ذلك وذبيحته حلال لا بأس بأكله، وإذا أرسل المجوسي كلب المسلم الضاري على صيد فأخذه فإنه لا يؤكل ذلك الصيد إلا أن يذكر، وإنما مثل ذلك مثل قوس المسلم ونبله، يأخذها المجوسي، فيرمي بها الصيد فيقتله، وبمنزلة شفرة المسلم يذبح بها

المجوسي، فلا يحل أكل شيء من ذلك

বাংলা

৫৪০। আমাদেরকে অগ্নিপূজকের কুকুর ও তার পাখী দ্বারা শিকারকৃত পশু (ভক্ষণ করা) হতে নিষেধ করা হয়েছে।

হাদীছটি যঈফ।

এটি ইমাম তিরমিযী (২/৩৪১), বাইহাকী (৯/২৪৫) শুরায়েক সূত্রে হাজ্জাজ হতে তিনি কাসিম ইবনু আবী বাযযাহ হতে তিনি সুলায়মান আল-ইয়াশকুরী হতে ... বর্ণনা করেছেন। তিরমিযী হাদীছটিকে দুর্বল বলেছেন তার এ ভাষায়ঃ এটি গারীব, এ মাধ্যম ছাড়া এটিকে আমি চিনি না।

বাইহাকীও দুর্বল বলেছেন তার এ ভাষায়ঃ এটির সনদে এমন ব্যক্তি রয়েছেন যাকে দলীল হিসাবে গ্রহণ করা যায় না।

আমি (আলবানী) বলছিঃ তারা দু'জন হচ্ছেন শুরায়েক ইবনু আবদিল্লাহ আল কাযী, তিনি তার মুখস্থ বিদ্যার দিক থেকে দুর্বল। আর হাজ্জাজ ইবনু আরতাত, তিনি মুদাল্লিস বর্ণনাকারী। আর এ অধ্যায়ে এমন কোন হাদীছ নেই যা আলোচ্য হাদীছটির জন্য সাক্ষী হতে পারে। আলোচ্য হাদীছটিকে আমরা দু'ভাবে বুঝতে পারিঃ

১। যদি অগ্নিপূজক তার কুকুরকে নিজেই প্রেরণের মাধ্যমে শিকার করে, তাহলে তার শিকারকৃত পশু খাওয়া যাবে না। তখন হাদীছটির অর্থ সহীহ হবে।

২। আর যদি কোন মুসলিম অগ্নিপূজকের কুকুরকে প্রেরণের মাধ্যমে শিকার করে তাহলে তার শিকারকৃত পশু খাওয়া যাবে, এ সময় হাদীছটির অর্থ সহীহ হবে না। ইমাম মালেক (রহঃ) "আল-মুওয়াত্তা" (২/৪১) গ্রন্থে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71419>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন